

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
সেবা পরিদপ্তর,  
“ইস্পাহানী ভবন”  
১৪-১৫, মতিঝিল বা/এ  
ঢাকা-১০০০।

নং-ডিএনএস/ শা-২/১- তথ্য / ৫০৫/২০১১ | ৬২০৬

তারিখ/০৯/১৩ ইং

প্রাপক : জনাব গোলাম মোরশেদ  
চ-৫৯/৫, উত্তর বাড়া (৫ম তলা)  
পোঁঃ বাড়া, ঢাকা।

বিষয় : তথ্য অধিকার আইন -২০০৯ এর ৮(১) ধারা মোতাবেক তথ্য প্রাপ্তির আবেদন।

সূত্র : ৪৫.১৩৮.০২৭.০০.০০.০৩১.২০১২-৮৬১, তারিখ ০৮/০৮/১৩ খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে তথ্য অধিকার আইন -২০০৯ এর ৮(১) ধারা অনুসারে আপনি নিম্নবর্ণিত তথ্য সরবরাহের জন্য সেবা পরিদপ্তরে ইং ০৩/০৯/১৩ ও মন্ত্রণালয়ে ১৩/০৮/১৩, ১৪/০৮/১৩ ইং তারিখে আবেদন করেছেন। উক্ত আবেদনের প্রেক্ষিতে ছক মোতাবেক তথ্য নিম্নে দেওয়া হইল।

ক্রঃ নং	প্রশ্ন	উত্তর
০১	সেবা পরিদপ্তরের বাকন-ডিএনএস/শা-১/ ২এন- ১৯ / ২০০৮/২০২৭৮, তারিখ ০৬/০৭/২০১০ বরাতে ১৪৪৫ জন সিনিয়র স্টাফ নার্স হিসাবে নিয়োগ দেয়া হয়। এই সিনিয়র স্টাফ নার্সদের মধ্যে কতজন পোষ্ট-বেসিক বিএসসি নার্সিং পাশ করেছে তার একটি তালিকা;	২০১০ সালে নিয়োগকৃত ১৪৪৫ জন সিনিয়র স্টাফ নার্সের মধ্যে হতে নিয়োগ পরবর্তী সময়ে পোষ্ট-বেসিক বিএসসি নার্সিং পাশ করে কেহ আজ অবধি বের হয় নাই, কেননা উক্ত কোর্সে ভর্তির যোগ্যতার মধ্যে সিনিয়র স্টাফ নার্স হিসেবে ২ (দুই) বছরের কাজের অভিজ্ঞতা থাকা অন্তর্য একটি। অনন্দিকে উক্ত পদে নিয়োগের জন্য শুধুমাত্র ডিপ্লোমা-ইন-নার্সিং এবং ডিপ্লোমা-ইন-মিডিওয়াইফারী পাশ হতে হয়, বিধায় নিয়োগ পূর্ববর্তী সময়ে যদি কেহ পোষ্ট-বেসিক বিএসসি নার্সিং পাশ করে থাকেন তাদের বিষয়ে আমাদের নিকট কোন তথ্য নাই।
০২	নিয়োগ প্রাপ্তদের মধ্যে হতে কতজন বাংলাদেশ নার্সিং কাউন্সিল এর পোষ্ট-বেসিক বিএসসি নার্স হিসাবে রেজিস্ট্রেশন লাভ করেছে তার একটি তালিকা;	বাংলাদেশ নার্সিং কাউন্সিল একমাত্র প্রতিষ্ঠান যা নার্সিং বিষয়ক রেজিস্ট্রেশন প্রদান করে থাকে, বিধায় নিয়োগ প্রাপ্তদের মধ্যে পোষ্ট-বেসিক বিএসসি নার্সিং পাশকৃত নার্সের সংখ্যা কত তাহা উক্ত প্রতিষ্ঠান হতে পাওয়া যেতে পারে।
০৩	বাংলাদেশ নার্সিং কাউন্সিল কর্তৃক আয়োজিত নার্সদের রেজিস্ট্রেশন দেওয়ার জন্য কর্মপ্রিহেন্সিসিড পরীক্ষার নীতিমালা ও আইন কানুন সমূহ এবং পরীক্ষার প্রক্রিয়া;	জনাব গোলাম মোরশেদ কর্তৃক যাচিত তথ্য সম্পর্কিত উত্তর : কর্মপ্রিহেন্সিড পরীক্ষার পর রেজিস্ট্রেড নার্সদের নিবন্ধন প্রদান করে থাকে বাংলাদেশ নার্সিং কাউন্সিল, যা একমাত্র বৈধ প্রতিষ্ঠান। সুতরাং এ বিষয়ক তথ্য ঐ প্রতিষ্ঠান থেকে যোগার করা যেতে পারে।
০৪	বাংলাদেশ নার্সেস এ্যাসোসিয়েশন বিএনএ এর গঠন প্রনালী ও নীতিমালা সমূহ;	বাংলাদেশ নার্সেস এ্যাসোসিয়েশন আইসিএন-এর সদস্যভুক্ত একটি সংগঠন। উক্ত সংগঠনের গঠনপ্রণালী এবং নীতিমালাসমূহ সংশ্লিষ্ট সংগঠনের সভাপতি থেকে সংযুক্ত করা যেতে পারে।
০৫	বাংলাদেশ নার্সিং কাউন্সিল কর্তৃক সর্বমোট ০৪ বছর মেয়দী ও ০২ বছর মেয়দী রেজিস্ট্রার্ড বিএসসি নার্সদের সংখ্যা ও তালিকা ;	৪-বছর এবং ২-বছর মেয়দী বিএসসি নার্সিং কোর্স পাশকৃত রেজিস্ট্রার্ড নার্সের সংখ্যা ও তালিকা বাংলাদেশ নার্সিং কাউন্সিল হতে পাওয়া যেতে পারে।

Sketchup  
(মোসাঃ সালমা খাতুন) / ১৩  
সহকারী অধ্যাপক (চাঃদাঃ)

ও  
দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা  
সেবা পরিদপ্তর, ঢাকা  
তারিখ ০৯/১৩ ইং

নং-ডিএনএস/ শা-২/১- তথ্য / ৫০৫/২০১১

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলো :-

- ১। উপ সচিব ( প্রশাসন -২ শাখা ), স্বাস্থ্য ও পরিবার-কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। সিনিয়র সহকারী সচিব ( নার্সিং ), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

ালি:

(মোসাঃ সালমা খাতুন )  
সহকারী অধ্যাপক (চাঃদাঃ)  
ও  
দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা  
সেবা পরিদপ্তর, ঢাকা